



## ইরানই আলোচনায় আগ্রহী ছিল: ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প | ছবি: সংগৃহীত

ইরানের সঙ্গে সাম্প্রতিক সমঝোতা নিয়ে সমালোচনার জবাব দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তিনি দাবি করেছেন, আলোচনায় বসার ক্ষেত্রে যুক্তরাষ্ট্র নয়, বরং ইরানই বেশি আগ্রহী ছিল।

নিজের সামাজিক যোগাযোগমাধ্যম টুথ সোশ্যালের দেওয়া এক পোস্টে ট্রাম্প বলেন, যুক্তরাষ্ট্র কোনো চাপ বা দুর্বল অবস্থান থেকে আলোচনায় যায়নি। তার ভাষায়, ইরানই সমঝোতার জন্য এগিয়ে এসেছিল।

চুক্তির পরবর্তী ধাপ নিয়েও মন্তব্য করেন মার্কিন প্রেসিডেন্ট। তিনি জানান, সমঝোতা স্মারকে নির্ধারিত ৬০ দিনের সময়সীমার মধ্যেই একটি চূড়ান্ত সমাধানে পৌঁছানোর চেষ্টা চলবে এবং ওয়াশিংটন সেই প্রক্রিয়া অনুযায়ী এগোচ্ছে।

ট্রাম্প আরও বলেন, চূড়ান্ত চুক্তি না হওয়া পর্যন্ত ইরানের জন্য কোনো অর্থ ছাড় বা নিষেধাজ্ঞা শিথিলের সুযোগ নেই। তিনি দাবি করেন, তেহরানকে এখনই কোনো ধরনের আর্থিক সুবিধা দেওয়া হচ্ছে না।

ইরান-যুক্তরাষ্ট্র সম্পর্কের নতুন এই অধ্যায় নিয়ে আন্তর্জাতিক অঙ্গনে আলোচনা চললেও চুক্তির বাস্তবায়ন ও ভবিষ্যৎ অগ্রগতি নিয়ে এখনো নানা প্রশ্ন রয়ে গেছে।